

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০০৭.১৫-৩৪৯

তারিখঃ ০৯ আগস্ট, ২০১৭
২৫ শ্রাবণ, ১৪২৪

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরে জেলাওয়ায়ী ডেউটিন ও গৃহবাবদ মঞ্জুরী বরাদ্দ করণ।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৬.২০.০১৫.১৭-১০ তারিখঃ ০৯/০৭/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, দুর্যোগ পরিস্থিতি মোকাবেলা ও ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের লক্ষ্যে ২০১৭-১৮ অর্থ বছরে ৬৪ জেলায় মোট ৫০,০০০ (পঞ্চাশ হাজার) বান্ডিল ডেউটিন সংযুক্ত বিভাজন অনুযায়ী জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য তীর বরাবর মঞ্জুরী প্রদান করা হলো। বরাদ্দকৃত ৫০,০০০ (পঞ্চাশ হাজার) বান্ডিল ডেউটিনের সাথে গৃহনির্মাণ ব্যয় বাবদ প্রতি বান্ডিল ডেউটিনের সাথে ৩,০০০/- টাকা হারে বিতরণের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের বাজেটের গৃহ মঞ্জুরী খাত হতে (৪৯০০ সাহায্য মঞ্জুরী ৪৯০৭ গৃহবাবদ মঞ্জুরী) মোট (৫০,০০০ বান্ডিলx৩০০০/-)=১৫,০০,০০,০০০/- (পনের কোটি) টাকা বিভাজন অনুযায়ী জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য তীর বরাবর ছাড় করা হলো। ডেউটিন ও গৃহনির্মাণ ব্যয় বিতরণের ক্ষেত্রে মানবিক সহায়তা কর্মসূচির বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-১৩ এবং নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করতে হবে।

শর্তাবলীঃ

- ডেউটিন বরাদ্দ প্রাপ্ত প্রাপকের নিজস্ব জায়গা থাকতে হবে।
- ডেউটিন বিতরণের সাথে আবশ্যিকভাবে বান্ডিল প্রতি ৩,০০০/- টাকা হারে নগদ টাকা ক্রসড চেকের মাধ্যমে পরিশোধ করতে হবে।
- বরাদ্দকৃত টাকা ডেউটিন বিতরণ ব্যতীত অন্যভাবে বিতরণ করা যাবে না।
- মহাপরিচালক অবশিষ্ট ডেউটিন জরুরী দুর্যোগ পরিস্থিতি মোকাবেলার জন্য তীর দপ্তরে মজুদ হিসেবে সংরক্ষণ করবেন।
- জেলা প্রশাসকগণ প্রাপ্ত বরাদ্দ হতে জরুরী দুর্যোগ পরিস্থিতি মোকাবেলায় জেলার রিজার্ভ হিসেবে ২০% বরাদ্দ মজুদ রেখে অবশিষ্ট বরাদ্দ দারিদ্রতার সূচক, দুর্যোগের ঝুঁকি, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ ও অগ্নিকাণ্ডসহ অন্যান্য ক্ষয়ক্ষতি বিবেচনা করে বিতরণ করবেন।
- মঞ্জুরীকৃত গৃহবাবদ ব্যয় চলতি ২০১৭-১৮ অর্থ বছরে ০৩-৪৯০৩ ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম-০০০১-ত্রাণ কার্যক্রম-সাধারণ-৫৯০০-সাহায্য মঞ্জুরী-৫৯০৭-গৃহবাবদ মঞ্জুরী খাত হতে নির্বাহ হবে।
- জেলা প্রশাসক বরাদ্দকৃত ডেউটিন ও গৃহবাবদ মঞ্জুরী বিতরণে মানবিক সহায়তা বাস্তবায়ন কর্মসূচি নির্দেশিকা ২০১২-১৩ ও সরকারী বিধি-বিধান পালন করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।
- এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্ত: বর্ণনামতে ০২ পাতা

SAR:

(মোঃ শাহজাহান)
সহকারী সচিব (ত্রাক-১)
ফোনঃ ৯৫৪৫৮৬৯
asr1@modmr.gov.bd

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯২-৯৩, মহাখালী, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০০৭.১৫-৩৪৯/১(৯)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপ-সচিব(বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬ আ: গনি রোড, ঢাকা।
- ৭। সিস্টেমস এনালিস্ট (আইসিটি সেল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। তাঁকে এ আদেশটি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর ওয়েবসাইটে Upload করার জন্য অনুরোধ করা হল।
- ৮। অতিরিক্ত সচিব (ত্রাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা (এনজিআরসিসি), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। পত্রটি প্রাপকের বরাবর ফ্যাক্স/ই-মেইলে প্রেরণের অনুরোধসহ।

(মোঃ শাহজাহান)

সহকারী সচিব (ত্রাক-১)